মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bdemail: dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/বিনি/৮ম-২৫/সংশোধনী বিজ্ঞপ্তি-২৬/৪৫৬(৪১০০) তারিখঃ ০৬/০৯/২০২৬ খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় ঃ ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংশোধন এর জন্য অনলাইন-এ আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, **২০২৫ সালের ৮ম শ্রেণির** শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত ভুল তথ্য সংশোধনের জন্য ২৩/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন বর্ণিতভাবে অনলাইন-এ আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

dinajpurboard.gov.bd এ গিয়ে প্রথমে **Registration Card Print অতঃপর Class Eight Reg Card Print-2025** এ Click করে EIIN ও PASSWORD দিয়ে Log in করে Temp. Correction Button এ Click করে Pending List এ Add New Button পাওয়া যাবে। অতপর Add New Button Click করে Search Student অংশে Student Id ও Registration Number প্রদান করে Search Button Click করলে Student এর সকল Information আসবে। এখানে নির্ধারিত Correction শেষে ঐ Student এর Correction এর বিপরীতে প্রয়োজনীয় কাগজ Upload করে Submit করলে Correction আবেদন সম্পন্ন হবে এবং তা Temp. Correction List এ দেখা যাবে। এভাবে যতগুলো Correction করা প্রয়োজন সব Correction শেষ করে Temp. Correction List এর উপরে ডান পার্শ্বে Make Payment Button এ Click করে Sonali-e-sheba এর মাধ্যমে Payment সম্পন্ন করতে হবে। Payment সম্পন্ন হলে Correction আবেদন স্বয়ংক্রিয়ভাবে বিদ্যালয় পরিদর্শক এর কাছে জমা হবে এবং Status pending দেখাবে। শিক্ষাবোর্ড Correction করে দেয়ার পর Status Pending এর পরিবর্তে Approved দেখাবে। তখন প্রতিষ্ঠান তার সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড Student List হতে নির্দিষ্ট সময় পর্যন্ত Print করতে পারবে।

রেজিস্ট্রেশন সংশোধনী ফি ঃ ১০০/- (একশত) টাকা (শিক্ষার্থী প্রতি)।

রেজিস্ট্রেশন সংশোধনী আবেদনের সময়সীমা ঃ ০৭/০৯/২০২৬ খ্রি. হতে ২৩/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত।

নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সংশোধনী কার্যক্রম সম্পন্ন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৬/০৯/২০২৬

(প্রফেসর মোঃ আমিনুল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক/নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় ।